

আন্তর্জাতিক হোমিও  
সম্মেলনে যোগ  
দিচ্ছেন বাংলাদেশের  
দুই প্রতিনিধি

বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের চেয়ারম্যান ডাঃ দিলীপ কুমার রায় এবং রেজিস্ট্রার ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম ১০ ও ১১ অক্টোবর ভারতের মুম্বাইয়ে এশিয়ান হোমিওপ্যাথিক মেডিক্যাল লীগ আয়োজিত ২৩তম আন্তর্জাতিক হোমিওপ্যাথিক সম্মেলনে যোগ দিচ্ছেন। সম্মেলনে বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ডের সদস্য ডাঃ শেখ মোঃ ইকবাল হারুন, উদ্দীন, ডাঃ মোঃ মোস্তফা হাসান ও সাবেক সদস্য ডাঃ ইস্রাফিল হোসেন মুন্সি, ডাঃ কামারুজ্জামান ভূঞাসহ ১০ সদস্যের একটি প্রতিনিধি দল যোগদান করছেন। প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন বোর্ড চেয়ারম্যান ডাঃ দিলীপ কুমার রায়। সম্মেলনে বিশ্বের ১০টিরও অধিক দেশের প্রায় ২ হাজার হোমিওপ্যাথিক চিকিৎসক ও প্রতিনিধি যোগদান করছেন। ডাঃ দিলীপ কুমার রায় এবং ডাঃ জাহাঙ্গীর আলম সম্মেলনে উপস্থিত বিভিন্ন দেশের প্রতিনিধিদের সঙ্গে বাংলাদেশের হোমিওপ্যাথিক চিকিৎসা ও শিক্ষা ব্যবস্থার উন্নয়নের বিষয়ে মতবিনিময় করবেন। -বিজ্ঞপ্তি